ঝিনাইদহে মাদক ব্যবসায়ী রকিসহ দুই জনকে কারাদণ্ড

ঝিনাইদহ জেলা পরিষদের প্যানেল চেয়ারম্যান মোস্তাকিম মনিরের পিএস খ্যাত হামদহ ৩নং পানির ট্যাংকি পাড়ার তুহিনুর রহমানের পুত্র মাদক ব্যবসায়ী ইশতিয়াক রহমান রকিসহ আরো দুজনকে মাদক মামলায় তিনমাসের বিনাশ্রম কারাদণ্ড দিয়েছে ভ্রাম্যমাণ আদালত।

১৬ ফেব্রুয়ারি সকাল ৮.৩০ মিনিটে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ঝিনাইদহের পরিদর্শক মিলন কুমার মুখার্জির নেতৃত্বে পরিচালিত অভিযানে রকির নিজ বাড়ি থেকে গাঁজাসহ তাকে আটক করা হয়। জানা যায় রকি ইতোপূর্বেও মাদক মামলায় হাজতবাস করেছে। এছাড়াও রকির নামে ঝিনাইদহের এক সাংবাদিকের উপর হামলার একাধিক মামলা রয়েছে।

এদিকে শহরের ষাটবাড়িয়া হতে শ্রী মহিত দাসের পুত্র দিশান কুমার দাশ ও গান্না বাজার এলাকার শের আলীর পুত্র মোঃ আতিয়ার রহমান নামে দুজনকে গাঁজা রাখার দায়ে তিন মাসের বিনাশ্রম কারাদণ্ড দিয়েছে ভ্রাম্যমাণ আদালত।

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের এ অভিযানে আটককৃতদের সাজা প্রদান করেন ভ্রাম্যমাণ আদালতের নির্বাহী ম্যাজিস্ট্রেট মোঃ জিন্নাতুল ইসলাম। আটককৃতদের মাদক মামলায় সাজার বিষয়টি নিশ্চিত করেছেন নির্বাহী ম্যাজিস্ট্রেট মোঃ জিন্নাতুল ইসলাম ও মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের পরিদর্শক মিলন কুমার মুখার্জি।

ঝিনাইদহ জেলা পরিষদের প্যানেল চেয়ারম্যান মোস্তাকিম মনিরের কাছে তার পিএস খ্যাত রকি’র এরূপ কর্মকাণ্ড বিষয়ে জানতে চাইলে তিনি অস্বীকার বলেন আমার এমন কোন পিএস নেই। তার সম্পর্কে আমি কিছু জানিনা।

কালীগঞ্জে দৈনিক আমার সংবাদ-এর ৮ম প্রতিষ্ঠাবার্ষিকী পালিত

ঝিনাইদহের কালীগঞ্জে জাতীয় দৈনিক আমার সংবাদ পত্রিকার ৯ম বছরে পদার্পণ উপলক্ষে দোয়া মাহফিল, কেক কাটা ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল মঙ্গলবার সকাল ১১ টায় দৈনিক আমার সংবাদের কালীগঞ্জ প্রতিনিধি শাহ আলমের সভাপতিত্বে কালীগঞ্জ প্রেস ক্লাবে এ প্রতিষ্ঠাবার্ষিকী পালন করা হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কালীগঞ্জ ফায়ার সার্ভিসের স্টেশন অফিসার শেখ মামুনুর রশিদ, বিশেষ অতিথি কালীগঞ্জ প্রেস ক্লাবের সাধারণ সম্পাদক ও দৈনিক মানবজমিন পত্রিকার সাংবাদিক তোফাজ্জল হোসেন তপু, উপদেষ্টা ও আর টিভির জেলা প্রতিনিধি শিপলু জামান, একাত্তর টিভির মিশন আলী, দৈনিক যুগান্তর পত্রিকার শাহরিয়ার আলম সোহাগ,

অর্থ ও দপ্তর সম্পাদক ও মেহেরপুর প্রতিদিন পত্রিকার তানজির রহমান তকি, জাগরণী টিভির সাংবাদিক নাজমুল হাসন, দৈনিক আলোর দিগন্ত পত্রিকার মতিয়ার রহমান, ব্লাড ব্যাংক আফ কালীগঞ্জ এর সভাপতি স্বাধীন ইসলাম, সাধারণ সম্পাদক আশিক এলাহী প্রমুখ।
এ সময় বক্তারা দৈনিক আমার সংবাদ পত্রিকার সাফল্য কামনা করেন।

কালীগঞ্জে কিন্টার গার্টেন স্কুলকে ২০ হাজার টাকা জরিমানা

সরকারী নির্দেশ অমান্য করে কিন্ডার গার্ডেন পরিচালনার অভিযোগে ন্যাশনাল প্রি-ক্যাডেট স্কুলের প্রধান শিক্ষককে ২০ হাজার টাকা জরিমানা করেছে ভ্রাম্যমাণ আদালত।

গতকাল সোমবার সকালে কালীগঞ্জ উপজেলা নির্বাহী অফিসার ও

ভ্রাম্যমাণ আদালতের নির্বাহী ম্যাজিষ্ট্রেট সুবর্ণা রানী সাহা এ আদালত পরিচালনা করেন।

আদালত সুত্রে জানা যায়, কালীগঞ্জ উপজেলার ত্রিলোচানপুর ইউনিয়নের বালিয়াডাঙ্গা বাজরে সরকারের নির্দেশ অমান্য করে কিন্ডার গার্ডেন পরিচালনা করে আসছিল ন্যাশনাল প্রি ক্যাডেট স্কুলের প্রধান শিক্ষক কেরামত আলী।

উপজেলা নির্বাহী অফিসার বিদ্যালয়ে গেলে সত্যতা পান। পরে সেখানে ভ্রাম্যমাণ আদালত বসিয়ে প্রধান শিক্ষককে ২০ হাজার টাকা জরিমানা করা হয়।

দামুড়হুদায় করোনা ভ্যাকসিন নিবন্ধন সহায়তা বুথ ও র্যালী অনুষ্ঠিত

দামুড়হুদায় করোনা ভ্যাকসিন নিবন্ধন সহায়তা বুথ ও ভ্যাকসিন গ্রহণে উদ্বুদ্ধকরণে র্যালী অনুষ্ঠিত হয়েছে। এ লক্ষে গতকাল সোমবার বেলা ১১টার দিকে উপজেলা পরিষদ চত্বরে র্যালী অনুষ্ঠিত হয়।
দামুড়হুদা উপজেলা আনছার ও ভিডিপি কার্যালয়ের আয়োজনে র্যালীতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমান।
এসময় আরও উপস্থিত ছিলেন, দামুড়হুদা উপজেলা আনছার ও ভিডিপি উন্নয়ন ব্যাংকের ব্যবস্থাপক মো. নজরুল ইসলাম, উপজেলা আনছার ও ভিডিপি কার্যালয়ের প্রশিক্ষিকা মোছা. চায়না খাতুন।
দামুড়হুদা উপজেলা আনছার ও ভিডিপি কার্যালয়ের প্রশিক্ষক মো. আশরাফুল হক বলেন, দামুড়হুদা উপজেলায় করোনা ভ্যাকসিন নিতে মানুষ কে উদ্বুদ্ধ করণের লক্ষে উপজেলা আনছার ভিডিপি কার্যালয়ে নিবন্ধন সহায়তা বুধ উদ্বোধন করা হয়েছে।
এ লক্ষে উপজেলা পরিষদ চত্বরে একটি র্যালী করা হয়। করোনা ভ্যাকসিন সহায়তা বুথ উদ্বোধনী দিনে উপজেলা আনছার ভিডিপির ৫৩জন

পুরুষ সদস্য ও ৩৪জন নারী সদস্যা করোনা ভ্যাকসিন গ্রহণ করেন। র্যালী শেষে উপজেলা নির্বাহী অফিসার সকলের উদ্দেশ্য করে বলেন-ভ্যাকসিন গ্রহণ করার পর হালকা জ্বর বা শরীরে ব্যথা অনুভব হতে পারেন তবে ভয়ের কিছু নাই।

কোটচাঁদপুরে এক রাতেই ৪ দোকানে চুরি

ঝিনাইদহের কোটচাঁদপুর পৌর শহরে এক রাতেই ৪ দোকানে চুরির ঘটনা ঘটেছে। চোর চক্র এ সময় ৪টি দোকান থেকে নগদ ২০ হাজার টাকা নিয়ে পালিয়ে যায়।

গতকাল রবিবার রাতে পৌর শহরের চৌগাছা বাসষ্ট্যান্ডের মুনিয়া ভ্যারাইটিস ষ্টোর, বিদ্যুৎ অফিস সংলগ্ন এলাকায় খন্দকার ষ্টোর ও টেলিকম , হাইস্কুল রোড এলাকায় সোনালী প্রেস ও মেইন বাসষ্টান্ড এলাকায় সনি আবাসিক মার্কেটের নিলিমা ইলেকট্রনিক্সে এই চুরির ঘটনা ঘটে।

ধারণা করা হচ্ছে রাতের কোন এক সময় সংঘবদ্ধ চোর চক্র দোকানের শাটার ও দেয়ালের ভেন্টিলেটার ভেঙ্গে চুরি করে পালিয়ে যায়। এদিকে কোটচাঁদপুর শহরে একের পর এক এ ধরনের ঘটনা ঘটলেও কোন প্রতিকার না হওয়ায় হতাশ ভুক্তভোগী ও সাধারণ মানুষ।

বিভিন্ন সময়ে চুরির ঘটনায় ধরা ছোয়ার বাহিরে চক্রের সদস্যরা. অভিযোগ করেও মিলছে না কোন প্রতিকার। ফলে আতঙ্ক দেখা দিয়েছে ব্যবসায়ী ও সাধারণ মানুষের মাঝে।

ভুক্তভোগী ব্যবসায়ীরা জানায়, প্রতিদিনের ন্যায় শনিবার দিনগত রাতে দোকান বন্ধ করে বাড়িতে যায়। রবিবার সকালে ব্যবসা প্রতিষ্ঠানে এসেই দেখতে পায় ক্যাশ বাক্স ভাঙা অবস্থায় পড়ে আছে। চোর চক্র একই রাতে শহরের মুনিয়া ভ্যারাইটিস ষ্টোর, খন্দকার ষ্টোর ও টেলিকম, সোনালী প্রেস এবং নিলিমা ইলেকট্রনিক্সে চুরি সংঘটিত করে নগদ ২০ হাজার টাকা নিয়ে পালিয়ে যায়।

স্থানীয়রা অভিযোগ করে বলেন, বিভিন্ন সময় সড়ক-বাসা-বাড়ি ও ব্যবসা প্রতিষ্ঠানে চুরি-ছিনতাই সংঘটিত হয়েছে। যার অধিকাংশ ঘটনা পৌর শহরের মধ্যে। এ সব ঘটনার কোন প্রতিকার না হওয়ায় এমন চুরি-ছিনতাই প্রায় ঘটছে।

বিষয়টি নিয়ে কথা হয় কোটচাঁদপুর পৌর ফাঁড়ী ইনচার্জ আক্তারুজ্জামান লিটনের সঙ্গে তিনি জানান, খবর পেয়ে পুলিশ ঘটনাস্থল পরিদর্শন করেছে। চুরির ঘটনায় লিখিত অভিযোগ হয়েছে।

একের পর এক চুরির ঘটনার বিষয়ে তিনি বলেন, মনে হয় এরা পেশাদার চোর না। একটি কুচক্রি মহল আইন-শৃঙ্খলা অবনতি ও শহর উত্তপ্ত করার জন্য বিভিন্ন সময়ে এমন চুরির ঘটনা ঘটাচ্ছে।

পুলিশের পক্ষ থেকে শহরে নজরদারী ও টহল বাড়ানো হয়েছে। সেই সাথে চোর চক্রের সদস্যদের গ্রেফতারে পুলিশি অভিযান অব্যহত রয়েছে বলেও জানান এই পুলিশ কর্মকর্তা।

ঝিনাইদহের ট্রাফিক ইন্সপেক্টর নিজেই ব্যবহার করেন বৈধ কাগজপত্র বিহীন গাড়ি

বিভিন্ন সড়ক-মহাসড়কে মোটরযানের রেজিস্ট্রেশন ও ফিটনেস সনদ যাচাই-বাছাইয়ের দায়িত্ব যে কর্মকর্তার নিজের ব্যক্তিগত গাড়িরই বৈধ কাগজপত্র নেই।

এ অভিযোগ ঝিনাইদহ ট্রাফিক বিভাগের প্রধান ট্রাফিক ইন্সপেক্টর মু. সালাহ উদ্দিনের বিরুদ্ধে। তিনি এমন নিয়ম বহির্ভূত কাজ করায় ক্ষোভ সৃষ্টি হয়েছে জনমনে।

জানা গেছে, সালাহ উদ্দিন বেশ কয়েকবছর ধরে মেরুন কালারের একটি প্রাইভেটকার ব্যক্তিগত কাজে ব্যবহার করছেন।

বিআরটিএ সনদে তার ব্যবহৃত গাড়িটির মালিকানা রয়েছে ইছাহক আলী খান

পান্না নামে। ইছাহক আলীর ঠিকানা রয়েছে ঢাকার সোবহানবাগ সরকারি আবাসিক এলাকায়। গাড়িটির রেজিস্ট্রেশন নম্বর ঢাকা মেট্রো-গ-১৩-১৮২০।

গাড়িটির ট্যাক্স টোকেনের মেয়াদ শেষ হয়েছে ২০১১ সালের জুলাই মাসের ২৫ তারিখে আর ফিটনেস মেয়াদ শেষ হয়েছে ২০১২ সালের ফেব্রুয়ারি মাসের ১ তারিখে।

অথচ প্রকাশ্যে শহরে এমন একটি গাড়ি চালিয়ে বেড়াচ্ছেন জেলা ট্রাফিক পুলিশের একজন শীর্ষ কর্তা ব্যক্তি।

এদিকে গাড়িটির ব্যাপারে ঝিনাইদহ জেলার বিআরটিএ’র সহকারী পরিচালক ২০২০ সালের ২৭ ডিসেম্বর তথ্য অধিকার আইনে আবেদনের প্রেক্ষিতে অনলাইনে এ তথ্য প্রদান করেন।

কিন্তু বিস্তারিত তথ্যের জন্য বিআরটিএ ঢাকা অফিসে যোগাযোগ করার অনুরোধ করা হয়। মন্তব্যটি তিনি লেখেন ওই গাড়ির রেজিস্ট্রেশন পেপারে নিজের সাক্ষরের উপর।

ঝিনাইদহে দোগাছি ইউনিয়ন আওয়ামী লীগের বিশাল জনসভা

ঝিনাইদহে দোগাছি ইউনিয়ন আওয়ামী লীগের জনসভা অনুষ্ঠিত হয়েছে। সদর উপজেলার দোগাছি ইউনিয়ন আওয়ামী লীগের আয়োজনে কলামনখালি বাজারে এ জনসভা অনুষ্ঠিত হয়।

দোগাছি ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি ও সাবেক চেয়ারম্যান ফয়েজুল্লাহ ফয়েজ এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন ঝিনাইদহ-২ আসনের সংসদ সদস্য তাহজীব আলম সিদ্দিকী সমি।

তিনি বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে দেশ এগিয়ে যাচ্ছে। ২০২১ সালের মধ্যে বাংলাদেশ আরও এক ধাপ উন্নয়নের শিখরে পৌছাবে। তিনি সকল ভেদাভেদ ভুলে তৃণমূল নেতাকর্মীদের ঐক্যবদ্ধ হয়ে আওয়ামলীগকে আরও শক্তিশালী করতে সকলের প্রতি আহবান জানান।

বিশেষ অতিথির বক্তব্য রাখেন সদর উপজেলা আওয়ামী লীগের সভাপতি ও উপজেলা চেয়ারম্যান অ্যাড. আব্দুর রশীদ, জেলা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক মাহমুদুল ইসলাম ফোটন, উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও পোড়াহাটি ইউনিয়নের চেয়ারম্যান শহিদুল ইসলাম হিরন।

এছাড়াও অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন পদ্মাকর ইউনিয়নের সাবেক চেয়ারম্যান বিকাশ বিশ্বাস, হরিশংকরপুর ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি ও সাবেক চেয়ারম্যান খন্দকার ফারুকুজ্জামান ফরিদ, দোগাছি ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক পলাশ হোসেন, যুগ্ম-সাধারণ সম্পাদক ফিরোজ শাহী, কালীচরণপুর ইউনিয়ন যুবলীগের সভাপতি বিপ্লব হোসেন, আওয়ামী লীগ নেতা সৈয়দ মুনির হোসেন মুকুল, মুক্তার হোসেন ও সাবেক মেম্বর কাজল হোসেন।

ঝিনাইদহে প্রতিপক্ষদের ফাঁসাতে অপহরণ নাটক ভুক্তভোগিদের সংবাদ সম্মেলন

ঝিনাইদহের শৈলকুপায় প্রতিপক্ষদের ফাঁসাতে অপহরণ নাটক করে নিরীহ গ্রামবাসীর উপর মামলা দেওয়ার অভিযোগ উঠেছে এক কথিত সাংবাদিকের বিরুদ্ধে।

এ ঘটনায় অপহরণটি সত্য নয় দাবি বলে সুষ্ঠু তদন্ত দাবি করে সংবাদ সম্মেলন করেছে অসহায় ভুক্তভোগির পরিবারগুলো।

গতকাল রবিবার দুপুরে ঝিনাইদহ প্রেসক্লাব মিলনায়তনে এ সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়। সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন, নাসির উদ্দিন মিয়া পলাশ নামের এক ভুক্তভোগির স্বজন।

তিনি অভিযোগ করে বলেন, শৈলকুপার কাঁচেরকোল এলাকার মনিরুজ্জামান মনির নিজেকে সাংবাদিক পরিচয় দিয়ে এলাকায় চাঁদাবাজি করে আসছে। বিপক্ষে সংবাদ প্রচারের ভয় দেখিয়ে ব্যবসায়ীদের কাছ থেকে টাকা

দাবি করে। মনির কাঁচেরকোল গ্রামের কয়েকজন নিরীহ গ্রামবাসিদের ফাঁসাতে গত ৩ ফেব্রুয়ারি ধাওড়া গ্রামের পাশে নাটকীয় ভাবে পড়ে থাকেন। তাকে অপহরণ করা হয়েছে বলে নাটক জানান।

এ ঘটনাকে পুঁজি করে কাঁচেরকোল গ্রামের অসহায় দিনমজুর, কাঠমিস্ত্রী, মাইক্রো ড্রাইভার, জনপ্রতিনিধিসহ কয়েকজনের নামে অপহরণ মামলা করেছেন। মামলার পর থেকে দিন এনে দিন খাওয়া পরিবারগুলো চরম মানবেতর জীবনযাপন করছেন।

সংবাদ সম্মেলনে অভিযোগ করা হয়, মূলত ঘটনার আগের দিন রাতে মনির নিজে শৈলকুপার ধাওড়া গ্রামে যায়। ধাওড়া গ্রামে কর্মরত কিছু নির্মান শ্রমিক যাদের বাড়ী কাঁচেরকোল ইউনিয়নের বিভিন্ন গ্রামে তাদের কাছে রাত্রিযাপন করে। ভোরে ঘুম থেকে উঠে রাস্তার পাশে পড়ে থাকে। বিষয়টি ধাওড়া গ্রামের যার বাড়িতে ছিল সেখানে গেলে আরও বিস্তারিত জানা যাবে। এ জন্য পুলিশের সুষ্ঠু তদন্ত দাবি করেন তারা।

সংবাদ সম্মেলনের কাঁচেরকোল ইউনিয়নের চেয়ারম্যান অ্যাড. সালাহউদ্দিন জোয়ার্দ্দার মামুনসহ গ্রামের শতাধিক নারী-পুরুষ অংশ নেয়।

ঝিনাইদহে বিএনপির বিক্ষোভ সমাবেশ অনুষ্ঠিত

ঝিনাইদহে সাবেক রাষ্ট্রপতি জিয়াউর রহমানের বীরপ্রতিক খেতাব বাতিলের সিদ্ধান্তের প্রতিবাদে বিক্ষোভ সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

গতকাল রবিবার সকালে শহরের এইচএসএস সড়কের জেলা বিএনপির কার্যালয়ে সামনে এ কর্মসূচীর আয়োজন করে দলটির জেলা শাখা।

এতে জেলা বিএনপি আহ্বায়ক অ্যাড. এস এম মশিউর রহমান, সদস্য সচিব অ্যাড. এম এ মজিদ, যুগ্ম আহ্বায়ক জাহিদুজ্জামান মনা, আক্তারুজ্জামান, পৌর বিএনপি আহ্বায়ক আব্দুল মজিদ বিশ্বাসসহ

অন্যান্যরা বক্তব্য রাখেন।

বক্তারা, জিয়াউর রহমানের বীরপ্রতীক খেতাব বাতিলের সিদ্ধান্তের প্রতিবাদ ও ঢাকায় বিএনপির নেতাকর্মীদের উপর পুলিশি হামলার তীব্র নিন্দা জানান।

ঝিনাইদহে বিসিক শিল্প মেলা - ২০২১ এর সমাপনী

বিসিক শিল্প নগরী ঝিনাইদহের আয়োজনে ও ঝিনাইদহ জেলা প্রশাসনের সহযোগিতায় শনিবার সন্ধ্যা ৭ টায় মাসব্যাপী শিল্পমেলার সমাপনী অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানের প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সরোজ কুমার নাথ, জেলা প্রশাসক ঝিনাইদহ, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ চেম্বার অব কমার্স এর সহ সভাপতি মো নাসিম উদ্দীন, ঝিনাইদহ প্রেস ক্লাবের সাধারণ সম্পাদক বি এম সেলিম, প্রেস ক্লাবের সভাপতি এম রায়হান, ঝিনাইদহ সদর উপজেলা চেয়ারম্যান আব্দুর রশিদ অ্যাড, সভাপতিত্ব করেন বিসিক শিল্প নগরীর উপ ব্যবস্থাপক সেলিনা রহমান মিনা। অনুষ্ঠানের বক্তব্য পর্বের শেষে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। সাংস্কৃতিক অনুষ্ঠান পরিচালনা করে অংকুর নাট্য একাডেমি ঝিনাইদহ। পুরো অনুষ্ঠানের উপস্থাপনা করে মো আশরাফুল আলম, সাধারণ সম্পাদক, ঝিনাইদহ ফ্লিম সোসাইটি। শিল্প মেলায় স্থানীয় উদ্যোক্তাদের মধ্যে ছিলো অর্গানিক ফুড প্রডাকশন সেন্টার “আসল স্বাদ ডটকম”, কেনাবেচা ঝিনাইদহ, ইনসাফ হোমডেলিভারি, সাজ বাংলা, অভি ফ্যাশন, আয়ান জুট, রঙ সুতোর খেলা সহ প্রায় ৪০ এর অধিক উদ্যোগী প্রতিষ্ঠান। মাসব্যাপী এই মেলায় তারা স্টল পরিচালনা করে। মাসব্যাপী এই মেলার আয়োজন করাতে স্থানীয় উদ্যোক্তারা বিসিক শিল্প নগরী ও জেলা প্রশাসনের প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করে ও প্রতিবছর যাতে স্থানীয় উদ্যোক্তারা এমন সুযোগ পায় তা প্রস্তাব জানায়। জেলা প্রশাসক ও বিসিক শিল্প নগরীর উপব্যবস্থাপক আশ্বস্ত করেন তারা স্থানীয় উদ্যোক্তাদের নিয়ে প্রতিবছর মেলার আয়োজন করে উদ্যোক্তা সৃষ্টি করার দায়িত্ব নেবে।